

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ১০. রাসূল (ছাঃ)-এর পায়ের উপরে মাথা রেখে প্রাণ দিলেন যিনি (وفاة)

কাফেরদের বেস্টনীতে পড়ে গেলে সেই সংকট মুহূর্তে তরুণ আনছার ছাহাবী যিয়াদ ইবনুস সাকান আল-আশহালী, কারু মতে 'উমারাহ বিন ইয়াযীদ ইবনুস সাকান (রাঃ) তাঁর পাঁচ জন আনছার সাথীকে নিয়ে এগিয়ে আসেন। অতঃপর একে একে সবাই শহীদ হয়ে যান। সবশেষে যিয়াদ ইবনুস সাকান যুদ্ধে ক্ষত-বিক্ষত হয়ে লুটিয়ে পড়েন। ইতিমধ্যে অন্যান্য ছাহাবীগণ এসে পড়েন ও কাফেরদের হটিয়ে দেন। তখন রাসূল (ছাঃ) বলেন, أَنْ وُنُ 'তোমরা ওকে আমার কাছে নিয়ে এস'। তখন তাঁরা তাকে উঠিয়ে রাসূল (ছাঃ)-এর কাছে নিয়ে যান। রাসূল (ছাঃ) তার মুখমণ্ডল নিজের পায়ের উপরে রাখেন। অতঃপর তার প্রাণবায়ু নির্গত হয়'।[1] এটাই যেন ছিল তার মনের বাসনা যে, 'প্রাণ যেন নির্গত হয় আপনার পদচুম্বনে'। এই ঘটনায় উর্দু কবি গেয়েছেন,

سر بوقت ذبح اپنا اس کے زیر پائے ہے یہ نصیب اللہ اکبر لوٹنے کی جائے ہے

'যবহের সময় নিজের মাথা রাসূলের পায়ের উপর দুনিয়া হ'তে বিদায়কালে 'আল্লাহু আকবর' কতই না বড় সৌভাগ্য তার'! (রহমাতুল্লিল 'আলামীন ১/১১১)।

ফুটনোট

[1]. ইবনু হিশাম ২/৮১; আর-রাহীক ২৬৭ পৃঃ; আল-ইছাবাহ, যিয়াদ বিন সাকান ২৮৫৬; আল-ইস্তী আব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5460

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন